# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৫৮৫

৬. নফল সালাত সমূহ [নফল সালাতের বর্ণনা] (كتاب النوافل)

পরিচ্ছেদঃ ৩) যোহরের পূর্বে ও পরে সুন্নাত নামাযের প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في الصلاة قبل الظهر وبعدها

আরবী

(حسن صحيح) وروي عَنْ أَبِي أَيُّوبَ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ أَرْبَعٌ قَبْلَ الظُّهْرِ لَيْس فِيهِنَّ تَسْلِيمٌ تُفْتَحُ لَهُنَّ أَبْوَابُ السَّمَاءِ. رواه أبو داود واللفظ له وابن ماجه

বাংলা

৫৮৫. (হাসান লি গাইরিহী) আবু আইয়ূব (রাঃ) হতে বর্ণিত হয়েছে। নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, যোহরের পূর্বে চার রাকাআত নামায.... তার জন্য আসমানের দরজাসমূহ খুলে দেয়া হয়।

হাদীসটি বর্ণনা করেন আবূ দাঊদ ১২৭০ ও ইবনে মাজাহ ১১৫৭। উপরোক্ত বাক্য আবূ দাঊদ থেকে গৃহীত।

ইমাম ত্ববরানী [কাবীর ও আওসাত] গ্রন্থদ্বয়ে হাদীছটি নিম্নলিখিত বাক্যে রেওয়ায়েত করেনঃ

(হাসান লি গাইরিহী) আবু আইয়ুব (রাঃ) বলেনঃ

لما نزل رسول الله صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ علي رأيته يديم أَرْبَعًا قَبْلَ الظُّهْرِ ، وَقَالَ : إِنَّهُ إِذَا زَالَتِ الشَّمْسُ فُتِحَتْ أَبْوَابُ السَّمَاءِ فَلا يُغْلَقُ مِنْهَا بَابٌ حَتَّى يُصَلَّى الظُّهْرُ ، فَأَنَا أُحِبُّ أَنْ يُرْفَعَ لِي فِي تِلْكَ السَّاعَةِ خَيْرٌ .

রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) যখন আমার বাড়ীতে অবস্থান করছিলেন, তখন আমি দেখেছি তিনি যোহরের পূর্বে সর্বদা চার রাকাআত ছালাত আদায় করতেন।

তিনি বলেনঃ “যখন সূর্য পশ্চিমাকাশে ঢলে যায়, তখন আসমানের দরজা সমূহ খুলে দেয়া হয়। যোহর নামায পড়া পর্যন্ত কোন দরজা বন্ধ করা হয় না। তাই আমি পছন্দ করি উক্ত সময়ে যেন আমার একটি কল্যাণ উপরে উঠানো হয়।”

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ আইয়ুব আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88456

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন